

বাংলাদেশ দূতাবাস

বেইজিং

১৬ ডিসেম্বর ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

বেইজিং-এ মহান বিজয় দিবস উদযাপন

বাংলাদেশ দূতাবাস, বেইজিং ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখে যথাযোগ্য মর্যাদা ও উৎসব মুখর পরিবেশে মহান বিজয় দিবস উদযাপন করে। সকালে রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন, এনডিসি কর্তৃক জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসের কর্মসূচী শুরু হয়। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা, মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী সকল শহিদদের বিদেহী আত্মার মাগফিরাত এবং দেশের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে দোয়া পরিচালনা ও মোনাজাত করা হয়। এরপর দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণী পাঠ করা হয়।

রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন, এনডিসি দিবসটির তাঁপর্যের উপর আলোকপাত করেন। বক্তব্যের শুরুতে রাষ্ট্রদূত সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা, মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী ৩০ লক্ষ বীর শহিদ ও ২ লক্ষ সন্মুহারা মা-বোনের আত্মত্যাগের প্রতি গভীর শ্রদ্ধা জাপন করেন। তিনি বলেন যে, বাংলাদেশের স্বাধীনতা অনেক ত্যাগের বিনিময়ে অর্জিত। রাষ্ট্রদূত আরও উল্লেখ করেন যে, মহামারী ও যুদ্ধের মত প্রতিকূল পরিস্থিতির মধ্যেও বাংলাদেশ অর্থনৈতিক ক্ষেত্রে ইতিবাচক প্রবৃদ্ধি অর্জন করছে এবং কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ ও তথ্য-প্রযুক্তিসহ নানা ক্ষেত্রে অসাধারণ সাফল্য অর্জন করেছে। তিনি বলেন যে, জাতির পিতার স্মৃতির সৌন্দর্যে সোনার বাংলা বাস্তবায়নে তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে দেশ ডিজিটাল বাংলাদেশ ধারনার মধ্য দিয়ে জীবনের নানা ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন আনতে সক্ষম হয়েছে।

রাষ্ট্রদূত অনুষ্ঠানে উপস্থিত সকলকে মুক্তিযুদ্ধের চেতনাকে ধারন করে নিজ নিজ জায়গা থেকে দেশের জন্য কাজ করার আহবান জানান। আলোচনা অনুষ্ঠানে বাংলাদেশী কমিউনিটির সদস্যরাও অংশগ্রহণ করেন।

ইকোনমিক কাউন্সেলর জনাব মোহাম্মদ মিনুল হক ভুঁইয়া ও প্রথম সচিব, মিজ পার্কল দেওয়ান-এর সঞ্চালনায় দূতাবাসের কর্মকর্তা, কর্মচারী, নতুন প্রজন্মের সদস্য ও বাংলাদেশী শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে মহান বিজয় দিবস উপলক্ষ্যে একটি মনোজ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে দিবসটি উপলক্ষ্যে আয়োজিত চিত্রাংকণ, রচনা ও কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরন করা হয়।

অনুষ্ঠানে সকল কর্মকর্তা, কর্মচারী, তাদের পরিবারের সদস্যবৃন্দ, চীনে বসবাসরত বাংলাদেশী কমিউনিটির সদস্যরা, বেইজিং-এ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বাংলাদেশী শিক্ষার্থীবৃন্দ ও বিদেশী অতিথি অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

